



নং-৪৫.০৫.০০০০.০০৯.১৯.০০১.১৯ (অংশ-৩).২১৫

তারিখ : ১৩/০৫/২০২৪ খ্রি:

বিষয় : আগামী ২০/০৫/২০২৪ খ্রি: তারিখে সাতক্ষীরা জেলায় অনুষ্ঠেয় “Advocacy Workshop on Health Sector Response to Gender Based Violence (GBV)” শীর্ষক কর্মসূচিতে ৪ জন প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান সম্পর্কিত।

স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের অধীন জিএনএসপি ইউনিটের গৃহীত “Health Sector Response to Gender Based Violence” শীর্ষক কার্যক্রম সারাদেশে চলমান রয়েছে। এর অংশ হিসেবে মূলত: মাঠ পর্যায়ে কর্মরত সংশ্লিষ্ট স্বাস্থ্য সেবা প্রদানকারীদেরকে GBV এর ক্ষেত্রে Survivors Management বিষয়ে কার্যকরী ধারণা প্রদান ও সংবেদনশীল করার নিমিত্ত সাতক্ষীরা জেলায় “Advocacy Workshop on Health Sector Response to Gender Based Violence (GBV)” শীর্ষক কর্মসূচির আয়োজন করা হয়েছে। দিনব্যাপী কর্মসূচিটি আগামী ২০ মে, ২০২৪ খ্রি: সোমবার সকাল ৯ টায় সিভিল সার্জন কার্যালয়, সাতক্ষীরা এর সম্মেলনকক্ষে অনুষ্ঠিত হবে।

২। কর্মসূচিতে অংশগ্রহণের জন্য সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরায় কর্মরত নিম্নোক্ত প্রশিক্ষণার্থীদেরকে মনোনয়ন প্রদান করে জিএনএসপি ইউনিটে পূর্বাগ্রে তালিকা প্রেরণ ও মনোনীতদের সকাল ৯ টায় কর্মশালায় উপস্থিতি নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করার জন্য তাঁকে নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হ'ল :

ক্র:নং	কর্মকর্তার পদবি	কর্মস্থল	মনোনীত প্রশিক্ষণার্থীর সংখ্যা	মন্তব্য
১	আবাসিক চিকিৎসক/কনসালট্যান্ট (শিশু সার্জারি/জেনারেল সার্জারি)	সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা	১ জন	মোট ৪ জন
২	আবাসিক চিকিৎসক/কনসালট্যান্ট (অবস অ্যান্ড গাইনি)	সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা	১ জন	
৩	সিনিয়র স্টাফ নার্স	সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা	১ জন	
৪	পরিসংখ্যানবিদ	সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা	১ জন	

৩। উল্লেখ্য, অংশগ্রহণকারীগণকে সরকারী বিধি মোতাবেক নির্ধারিত হারে ভাতা প্রদান করা হবে।

৪। কর্মসূচি বিষয়ে বিস্তারিত তথ্যের প্রয়োজনে অনুগ্রহপূর্বক জিএনএসপি ইউনিটের ডা: মোহাম্মদ শওকত হোসেন খান, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার [০১৭১১৮১৩৯৯] এবং ডা: এজিএম মশুকুর রহমান, সিনিয়র কনসালটেন্ট [০১৬৭১১১৬০১৭] এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

(ডা: মোহাম্মদ শওকত হোসেন)

ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (উপসচিব)

জিএনএসপি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ

মোবাইল : ০১৭১১৮১৩৯৯

ই-মেইল: shawkat9294@gmail.com

পরিচালক,

সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা

অনুলিপি (সদয় অবগতির জন্য): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), খুলনা।

৩। লাইন ডিরেক্টর, এইচআইএস অ্যান্ড ই-হেলথ এবং ডিরেক্টর (এমআইএস) / লাইন ডিরেক্টর (এইচএসএম) / লাইন ডিরেক্টর (হসপিটালস অ্যান্ড ক্লিনিকস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৪। সিভিল সার্জন, সাতক্ষীরা।

৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৭। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।